# পদক্ষেপ ই-নিউজ

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)

বর্ষ: ১০ | সংখ্যা: ১০৭

জানুয়ারি ২০২১






# "বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি" এবং "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" বিষয়ক রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ





সংস্থার সাথে সম্পৃক্ত সদস্য এবং সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মী/কর্মকর্তাদের মেধাবী সন্তানদেরকে বৃত্তি প্রদানের জন্য চলতি বছর থেকে 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কার্যক্রম চালু করেছে পদক্ষেপ। গত ৩১ জানুয়ারী ২০২২ তারিখে সংস্থার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তি নীতিমালার আলোকে পদক্ষেপ কর্তৃক প্রথমবারের মতো বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পদক্ষেপ এর সম্মানীত নির্বাহী পরিচালক জনাব মোঃ সালেহ বিন সামস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর নির্বাহী পর্ষদের সম্মানীত সদস্য জনাব আনোয়ারা শরমিন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর মাইক্রোফাইন্যান্স উইং এর সম্মানীত পরিচালক জনাব মুহাম্মদ রিসালাত সিদ্দীক। অনুষ্ঠানে সংস্থার প্রধান কার্যালয়ের উপ পরিচালকবৃন্দ ও সিনিয়র সহকারী পরিচালকবৃন্দ'সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কার্যক্রম এর আওতায় শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক কমিটির সুপারিশক্রমে এবং নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ১৭ জনকে বৃত্তির জন্য চুড়ান্তভাবে মনোনীত করা হয়। বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তির জন্য মনোনীত প্রত্যেক শিক্ষার্থীকে এককালীন ১০ হাজার টাকা এবং প্রতিমাসে জন প্রতি ৩ হাজার টাকা করে শিক্ষাবৃত্তি প্রদান করা হয় যা তাদের চলমান ডিগ্রী শেষ না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। প্রথম পর্যায়ে ১৭ জন শিক্ষার্থীকে সর্বমোট ৬ লক্ষ ২ হাজার টাকা প্রদান করা হয়েছে। সংস্থা প্রতি বছর নতুন করে ২০ জন শিক্ষার্থীকে উক্ত বৃত্তি প্রদান অব্যাহত রাখবে।

পদক্ষেপ বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তির আওতায় প্রাথমিকভাবে বৃত্তিপ্রাপ্তরা হলো, ঢাকা জোন থেকে তাহমিনা আক্তার বৃষ্টি (জ.বি)। ময়মনসিংহ জোন থেকে মনিরা আক্তার (ঢা.বি) ও মোঃ রোকনুজ্জামান রনি (বা.কৃ.বি)। চট্টগ্রাম উত্তর জোন থেকে নাদিয়া সুলতানা (বিবিএমসি, সুনামগঞ্জ) ও আইরিশ চাকমা (শে.কৃ.বি) এবং জহিরুল ইসলাম (রা.বি), জান্নাতুলনেছা লাকি (চ.বি)। রাজশাহী জোন থেকে মোঃ রাকিবুল ইসলাম (ঢা.বি)। যশোর জোন থেকে মোসাঃ মাহবুবা সুলতানা লুনা (খু.বি), মুমতাহমিনা মিম (বুয়েট), লাভলী আক্তার (জা.বি), মোঃ সুজন আলী (ঢা.বি), শান্তা ইসলাম (শে.কৃ.বি)। ব্রাহ্মণবাড়ীয়া জোন থেকে উজ্জল হোসেন (কু.মে.বি), মোঃ তানহীর হোসাইন (ঢা.বি)। রংপুর জোন থেকে রিফাতনুর মোহনা (ঢা.বি) ও ফিরোজ হোসেন (ঢা.বি)।

পাশাপাশি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের অংশ হিসাবে ভবিষ্যৎ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু সম্পর্কিত সঠিক তথ্য তুলে ধরার লক্ষ্যে পদক্ষেপ কর্তৃক "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। সংস্থার সাথে সম্পৃক্ত সদস্য এবং সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মী/কর্মকর্তাদের প্রথম শ্রেণী হতে দশম শ্রেণীতে অধ্যয়নরত সন্তানরা রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অংশগ্রহণকারীদের মধ্য থেকে শ্রেণীভিত্তিক ভাবে ক, খ, গ ও ঘ এই চারটি শাখায় ভাগ করা হয়। প্রতিযোগিতায় ৪৩ জন অংশগ্রহণকারীর মধ্যে ১৬ জন মেধাস্থান অধিকার করে। এরমধ্যে 'ক' শাখায় মাইসা তাওসী হিয়া, 'খ' শাখায় সামিয়া জাহান সিজা, 'গ' শাখায় সামারা নাওয়ার অদ্রিতা এবং 'ঘ' শাখায় মোঃ নাহিদ হাসান নীরব ১ম স্থান অধিকার করে। এছাড়া বাকী ২৭ জন অংশগ্রহণকারীর সকলকে সাধারণ পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের মধ্যে ছিল বঙ্গবন্ধু'র জীবনীভিত্তিক বই, মেডেল ও সনদপত্র।

# পদক্ষেপ এর প্রেসিডেন্ট মহোদয়ের হারতা ব্রাঞ্চ পরিদর্শন



গত ৫ জানুয়ারি ২০২২ তারিখে পদক্ষেপ এর সম্মানীত প্রেসিডেন্ট জনাব এ.বি.এম সিদ্দীক মহোদয় বরিশাল জোনের গৌরনদী এরিয়ার হারতা ব্রাঞ্চ পরিদর্শন করেন। এসময় ব্রাঞ্চের কর্মীরা প্রেসিডেন্ট মহোদয়কে ফুল দিয়ে স্বাগত জানান। পরে এক আলোচনায় ব্রাঞ্চের কর্মীরা ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় গতিশীলতাকে সর্বোচ্চমাত্রায় নেয়ার জন্য ২০২২ সালের মধ্যে হারতা ব্রাঞ্চকে মডেল ব্রাঞ্চ হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। প্রেসিডেন্ট মহোদয় উক্ত ব্রাঞ্চের সার্বিক পরিস্থিতি সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন।

# পিকেএসএফ প্রতিনিধির এসইপি প্রকল্পের রংপুর ও দিনাজপুরের কর্মএলাকা পরিদর্শন





গত ২-৬ জানুয়ারি ২০২২ তারিখে রংপুর ও দিনাজপুর জেলায় বাস্তবায়িত 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' হ্যান্ডিক্র্যাফট ও স্ট্রিট ফুড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ ইব্রাহিম। তিনি প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের তৈরী বিভিন্ন পণ্য ও অন্যান্য কার্যক্রম যেমন- পাট থেকে তুলা তৈরির কারখানা, পরিবেশ বান্ধব ব্যাগ তৈরী, নিলয় বুটিকস, গনেস ভান্ডার এবং শহরের স্ট্রিট ফুড ও রেস্তোরা সরেজমিন পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন রংপুর ও দিনাজপুর জোনের জোনাল ম্যানেজারগণ ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রোজেক্ট ম্যানেজার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। পরিদর্শনকালীন সময়ে তিনি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। পরিদর্শন শেষে তিনি রংপুর জোন অফিসে প্রজেক্ট স্টাফদের সাথে একটি সভা করেন এবং পরবর্তী কর্মপরিকল্পনা তৈরি করেন।

# এসইপি প্রকল্পের বেসিক প্রশিক্ষণ



বিশ্বব্যাংকের অর্থায়নে এবং পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্টের আওতায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) উপর ১টি বেসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পদক্ষেপ এর দিনাজপুর জোন অফিসে গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে কোভিড-১৯ এর সতর্কতা মেনে রংপুর এবং দিনাজপুরের বিভিন্ন পর্যায়ের কর্মকতাবৃন্দের অংশগ্রহণে প্রশিক্ষণটি পরিচালিত হয়। প্রশিক্ষণটিতে উপস্থিত ছিলেন দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহমেদ, রংপুর জোনের জোনাল জনাব মোঃ মোস্তাফিজুল গনি, প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মোঃ ইরফানুল বারী সরকার। প্রশিক্ষণে উদ্যোক্তাদের উন্নয়ন এবং নারীর শক্তি বৃদ্ধির বিষয়টি তুলে ধরা হয় । উক্ত প্রশিক্ষণে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি এবং হস্তশিল্প প্রকল্পের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণে কর্মকর্তারা যাতে পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প প্রচার প্রকল্পটি আরও ভালো ভাবে পরিচালনা করতে পারে সেজন্য সকল কর্মকর্তাদেরকে সহযোগিতা করার আহবান জানানো হয়।

# পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প প্রকল্পের আওতায় পরিবেশ ক্লাব গঠন



গত ২৪ ও ২৬ জানুয়ারি ২০২২ তারিখে বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় একটি পরিবেশ ক্লাব গঠন করা হয়। পরিবেশ ক্লাব গঠনের মূল প্রতিপাদ্য ছিল "টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার ঘটানো"। ক্লাব গঠনের উদ্দেশ্য হলো, "উদ্যোক্তাদের পাশাপাশি সমাজের সকল শ্রেণীর মানুষের মধ্যে অংশগ্রহণমূলক পরিবেশগত অনুশীলনের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা এবং পরিবেশ সংক্রান্ত কাজে তরুণ প্রজন্ম ও অভিজাত ব্যক্তিদের অংশগ্রহণ নিশ্চিত করা।" অনুষ্ঠানে পরিবেশ দূষণের বিভিন্ন দিক আলোচনা এবং নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহমেদ। অনুষ্ঠানে অন্যানের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন এলাকার ইমাম, শিক্ষক, শিক্ষার্থী ও উদ্যোক্তাবৃন্দ। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা। অনুষ্ঠানটি পরিচালনা করেন পরিবেশ কর্মকর্তা আলিফা তাজমিন।



পাশাপাশি ২৬ জানুয়ারি ২০২২ তারিখে ক্লাব গঠনে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর পলাশবাড়ী এরিয়ার এরিয়া ম্যানেজার জনাব সেকেন্দার আলী, টেকনিক্যাল কর্মকর্তা মিনহাজুল হায়াত, পরিবেশ কর্মকতা আলিফা তাজমিন ও মার্কেটিং কর্মকর্তা মাকসুদুর রহমান এবং অত্র এলাকার শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

# এসটিআই এবং এইচআইভি প্রিভেন্টশন সার্ভিস নিয়ন্ত্রনে সচেতনতা ও চিকিৎসা বিষয়ক কর্মকাণ্ড



পদক্ষেপ "STI and HIV prevention Service Package for MSM/ MSW/TG and their clients" প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে স্বাস্থ্য অধিদপ্তরের এএসপি এর টেকনিক্যাল তত্ত্বাবধায়নে দেশের চারটি জেলায় ৩ হাজার ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর স্বাস্থ্য ঝুঁকি "এসটিআই এ্যান্ড এইচআইভি এইডস" নিয়ন্ত্রনে সচেতনতা ও চিকিৎসা বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা করছে। সেই লক্ষে প্রকল্পের দপ্তর ও ফিল্ড পর্যায়ে কর্মী নিয়োগ এবং নির্ধারিত জেলায় স্বাস্থ্য সেবা কেন্দ্র স্থাপন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের ক্লিনিক্যাল কার্যক্রম অতি দ্রুত শুরু করা হবে।

# খাদ্য নিরাপত্তা, পরিবেশ, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি সভা



সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেইফ স্টিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় 'খাদ্য নিরাপত্তা, পরিবেশ, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি' শিরোনামে রংপুর সদরে ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে একটি কমিউনিটি সভা অনুষ্ঠিত হয়। ২৬ জানুয়ারি ২০২২ তারিখে সভায় ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে এলাকার অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। সভায় প্রকল্পের টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায় ও মনিটরিং এ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজুর রহমান পরিবেশগত বিভিন্ন সমস্যা এবং নিরাপদ খাদ্যের ৫টি মৌলিক নীতি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে পরিবেশ কি, কিভাবে পরিবেশের ক্ষতি হয়, কিভাবে আমরা পরিবেশকে ক্ষতির হাত থেকে রক্ষা করতে পারি এবং পরিবেশ ভালো রেখে কীভাবে সাধারণ মানুষকে নিরাপদ খাদ্য সরবরাহ করা যায় তা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উল্লেখ্য, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ওয়ার্ল্ড ব্যাংক এর আর্থিক সহায়তায় প্রকল্পটি ঢাকা এবং রংপুর সিটি কর্পোরেশন এলাকায় বাস্তবায়ন করছে পদক্ষেপ।

# পরিবেশগত ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভা



গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে কোভিড-১৯ এর সতর্কতা মেনে পরিবেশগত ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভার আয়োজন করা হয়। সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেফ স্টিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) ঢাকায় এ সভা অনুষ্ঠিত হয়। সভায় মোহাম্মদপুর ও মিরপুর শাখার ক্ষুদ্র উদ্যোক্তারা স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করে। সভায় পদক্ষেপ এর 'প্রমোশন অব সেইফ স্ট্রীট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস' প্রজেক্টের প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের ইনভায়রণমেন্ট অফিসার মৌসুমী কর ও টেকনিক্যাল অফিসার লিভা আক্তার। সভাপতি তার উদ্বোধনী বক্তব্যে প্রথমেই সভায় অংশগ্রহণের জন্য সকল উদ্যোক্তাদের ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি নিরাপদ খাদ্যের গুরুত্ব উল্লেখ করেন এবং সবাইকে নিরাপদ খাবার প্রস্তুত ও পরিবেশন করার আহ্বান জানান। মৌসুমী কর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি পরিবেশ ও প্রাকৃতিক পরিবেশ কি, সামাজিক পরিবেশ কি, পরিবেশগত সার্টিফিকেট কি, পরিবেশ সার্টিফিকেটের গুরুত্ব ও প্রয়োজনীয়তা কি, কিভাবে পরিবেশগত ছাড়পত্র এবং প্রয়োজনীয় নথি সংগ্রহ করতে হয়, টেকসই পরিবেশ কি, পরিবেশগত সংঘ কি এবং পরিবেশ ক্লাব কি, ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশ কার্ড, পরিবেশের মূল উপাদান কি, পরিবেশ দূষণকারী কি এবং কীভাবে পরিবেশের মৌলিক উপাদানগুলি দূষিত হচ্ছে এসকল বিষয় তিনি তুলে ধরেন। সভাটি সঞ্চালনা করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার।

# পণ্যের সার্টিফিকেশন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে অ্যাডভোকেসি সভা



পদক্ষেপ সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্টিট-ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্প গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য একদিনের প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণের মূল বিষয় ছিল 'পণ্যের সার্টিফিকেশন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে অ্যাডভোকেসি সভা"। প্রশিক্ষণটি রংপুরে এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ এর ট্রেনিং রুমে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের রিসোর্স পার্সন হিসেবে ছিলেন রংপুর জেলার বিএসটিআই এর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক (শারীরিক) অফিস ইনচার্জ প্রকৌশলী মোঃ আব্দুর রশিদ। সেশনটি সঞ্চালনা করেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। সহকারী ফ্যাসিলিটেটর হিসেবে ছিলেন মনিটরিং অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোস্তাফিজার রহমান। পদক্ষেপ এর রংপুর জোনের জোনাল ম্যানেজার মোঃ মোস্তাফিজুল গণি তার উদ্বোধনী বক্তব্যে বলেন, "হোটেলের মাধ্যমে মানুষকে নিরাপদ খাবার পরিবেশন করতে এবং একটি সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করতে আমরা এই প্রকল্প নিয়ে কাজ করছি। আমরা ইতিমধ্যে বেশ কয়েকটি হোটেল পরিদর্শন করেছি এবং লক্ষ্য করেছি যে এলাকার হোটেলগুলি অনেক বেশি পরিচ্ছন্ন। তাদের খাবারের মান অনেক উন্নত হয়েছে। আজ আমরা এখানে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন বিএসটিআই এর সাথে সমন্বয় করতে এসেছি"। সভায় বিএসটিআই এর উপপরিচালক মহোদয়ের সাথে বিভিন্ন সমস্যা ও তার সমাধান নিয়ে খোলাখুলি আলোচনা করা হয়।

প্রশিক্ষণ অনুষ্ঠানে রিসোর্স পারসন মহোদয় বিএসটিআই সার্টিফিকেশন স্ট্যান্ডার্ড সম্পর্কে





বিস্তারিত আলোচনা করেন। তিনি পণ্যের একটি তালিকা প্রদান করেন যেসব পন্যের জন্য তাদের অফিস থেকে সার্টিফিকেট দেওয়া হয়। তিনি বিএসটিআই আইন, পণ্যভিত্তিক স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন, পণ্য পরীক্ষার পদ্ধতি, বিএসটিআই স্ট্যান্ডার্ড ফুডের বৈশিষ্ট্য যেমন রঙ, গন্ধ, টেক্সচার, আর্দ্রতা, পণ্য তৈরি ও মেয়াদ শেষ হওয়ার তারিখ, শেলফ লাইভ এবং অন্যান্য বাধ্যতামূলক গুণগত ও পরিমাণগত পরীক্ষার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানান এবং সকল ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে তাদের বিএসটিআই পণ্যের সার্টিফিকেশন পেতে সাহায্য করার প্রতিশ্রুতি দেন।

প্রকল্পের টেকনিক্যাল অফিসার তার উপস্থাপনায় পণ্যের সার্টিফিকেটের সংজ্ঞা ও প্রয়োজনীয়তা এবং সার্টিফিকেশন পাওয়ার পদ্ধতি, পণ্যের সার্টিফিকেশন পাওয়ার জন্য হোটেল ও রেস্তোরাঁর বাধ্যতামূলক কাজ, বিএসটিআই সাইন এবং বিএসটিআই নিয়ম ও প্রবিধান, এইচএসিসিপি সার্টিফিকেট, হালাল সার্টিফিকেট এবং আইএসও-২২০০০ সার্টিফিকেট সম্পর্কেও আলোচনা করেন। তিনি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান এবং সকল ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে তাদের হোটেল ও রেস্তোরাঁয় বিএসটিআই স্ট্যান্ডার্ড সার্টিফিকেট গ্রহণ করতে অনুপ্রাণিত করেন। এছাড়া ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে এক নজরে প্রকল্পের কার্যক্রমের প্রাথমিক ধারণা দিতে মনিটরিং এবং ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজার রহমান নিরাপদ খাদ্যের পাঁচটি নীতি ব্যাখ্যা করেন। যেমন- পরিষ্কার পরিচ্ছন্নতা ও ধারাবাহিকতা বজায় রাখা, কাঁচা ও রান্না করা খাবার আলাদা করা, সঠিক তাপমাত্রায় রান্না করা, সঠিক তাপমাত্রায় সংরক্ষণ করা এবং নিরাপদ পানি ও খাদ্য উপাদান ব্যবহার করা। প্রশিক্ষণে পদক্ষেপ এর সংশ্লিষ্ট এরিয়ার এরিয়া ম্যানেজার ও সিনিয়র অ্যাডমিন অফিসার উপস্থিত ছিলেন।

# খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার জন্য হাতে কলমে প্রশিক্ষণ




২৫ জানুয়ারি ২০২২ ইং তারিখে সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট-ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্প ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে "খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত কাজের প্রশিক্ষণ" বিষয়ক দিনব্যাপী একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি রংপুরে এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ এর ট্রেনিং রুমে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুড সেইফটি অথরিটি, রংপুর। এতে ফ্যাসিলিটেটর হিসেবে ছিলেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায় এবং কো-ফ্যাসিলিটেটর হিসেবে ছিলেন মনিটরিং অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজার রহমান।





প্রশিক্ষণটি উদ্বোধন করেন পদক্ষেপ এর রংপুর জোনের জোনাল ম্যানেজার জনাব মোস্তাফিজুল গণি। তিনি সচেতনতা বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তার সাথে জড়িত সকলকে নির্দেশনা প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের উদ্বোধন করেন। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জোনাল ম্যানেজার সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনের পর প্রশিক্ষণের সার সংক্ষেপ উপস্থাপন করেন মনিটরিং অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজার রহমান। তার উপস্থাপনায় তিনি প্রতিষ্ঠানের পরিচয়, প্রকল্পের পটভূমি, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। বিভিন্ন বিষয়ে সেশনের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পরিচালনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। তার গঠনমূলক উপস্থাপনা প্রশিক্ষণটিকে আরও আকর্ষণীয় এবং অংশগ্রহণমূলক করে তোলে।

এছাড়া ফুড সেইফটি অফিসার জনাব সৌরভ চন্দ্র বর্মণ প্রশিক্ষণের রিসোর্স পার্সন হিসেবে তার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে সেশন পরিচালনা করেন। সেশনের প্রথমেই তিনি এই ধরনের একটি প্রকল্প বাস্তবায়ন করার জন্য পদক্ষেপকে ধন্যবাদ জানান এবং প্রচণ্ড ঠান্ডার মধ্যে অংশগ্রহণ করার জন্য তিনি অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানান। তিনি খাদ্য কি, খাদ্য নিরাপত্তা কি এবং খাদ্যের পরিচ্ছন্নতা বলতে কি বুঝায় তা নিয়ে আলোচনা করেন। সকল অংশগ্রহণকারী আন্তরিকভাবে তার অধিবেশনে অংশগ্রহণ করেন এবং অধিবেশনগুলি অংশগ্রহণমূলক হয়ে ওঠে। প্রশিক্ষণে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জোনের সিনিয়র অফিসার মোঃ দেলোয়ার হোসেন।

# মাস্ক বিতরণ করলো বি-বাড়িয়া জোন



করোনা ভাইরাসের কারনে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সরকার এর পাশাপাশি পদক্ষেপ নানাবিধ কার্যক্রম গ্রহণ এবং তা বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় গত ২৫ জানুয়ারি ২০২২ তারিখে পদক্ষেপ বি-বাড়িয়া জেলার সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের কাছে ৫০ বক্স মাস্ক তুলে দেন বি-বাড়িয়া জোনের জোনাল ম্যানেজার মোঃ রফিকুল ইসলাম। এসময় জেলার এনজিও সমন্বয়কারী জনাব এসএম শাহীন এবং জোনের সিনিয়র ম্যানেজার মোঃ মেছবাহ উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

# পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ



সম্প্রতি সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প এর পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক ২টি মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণগুলোর মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের বৈচিত্রময় হস্তশিল্পের প্রসার'। গত ২৫ ও ২৭ জানুয়ারি ২০২২ তারিখে দিনাজপুরে প্রশিক্ষণ ২টি অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে পরিবেশ দূষনের বিভিন্ন দিক আলোচনা এবং নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়।

গত ২৫ জানুয়ারি প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তরের দিনাজপুর জেলার সহকারী পরিচালক জনাব এ কে এম ছামিউল আলম কুরসি। তিনি মাইক্রোএন্টারপ্রাইজ এর মধ্যে টেকসই পরিবেশগত অনুশীলনে ধারনা ছাড়িয়ে দেওয়া এবং উদ্যোক্তাদের পাশাপাশি সমাজের সকল শ্রেনীর মানুষের মধ্যে অংশগ্রহনমূলক পরিবেশগত অনুশীলনের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা ও সম্প্রদায়ের মধ্যে পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধির উপর জোর দেন। প্রশিক্ষণে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহমেদ।





অপরদিকে ২৭ জানুয়ারি ঘোড়াঘাট ব্রাঞ্চ অফিসে অনুষ্ঠিত প্রশিক্ষণটি উদ্বোধন করেন পদক্ষেপ এর পলাশবাড়ী এরিয়ার এরিয়া ম্যানেজার জনাব সেকেন্দার আলী। তিনি তার বক্তব্যে পরিবেশগত অনুশীলনের ধারনা ছড়িয়ে দেওয়া এবং উদ্যোক্তাদের পরিবেশবান্ধব কর্মকাণ্ড করার উপর গুরুত্বরোপ করেন। উদ্বোধনের পর প্রশিক্ষণের সার সংক্ষেপ উপস্থাপন করেন টেকনিক্যাল কর্মকর্তা মিনহাজুল হায়াত। তিনি তার উপস্থাপনায় প্রতিষ্ঠানের পরিচয়, প্রকল্পের পটভূমি, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। কর্মস্থলে পরিবেশের ঝুকি ও প্রতিকার, শারীরিক ঝুকি, কর্মস্থলে সম্ভাব্য দূর্ঘটনা ও বিপদ এবং কাজের সময় কি কি ত্রূড়িয়ে চলতে হবে, টয়লেট সুবিধা, কর্মক্ষেত্রে আলোর ব্যবস্থা, পরিবেশ আইনের উপস্থিতি এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পরিচালনা করেন পরিবেশ কর্মকতা আলিফা তাজমিন। সকল অংশগ্রহনকারী আন্তরিকভাবে অধিবেশনে অংশগ্রহণ করেন।

বিশ্বব্যাংক এবং পিকেএসএফ এর সহায়তায় প্রকল্পটির মৌলিক প্রশিক্ষণ প্রদান করেন পরিবেশ কর্মকর্তা আলিফা তাজমিন এবং তাকে সহযোগিতা করেন মাকেটিং ও টেকনিক্যাল অফিসার মাকসুদুর রহমান। এসময় টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্রময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

# উদ্ভাবনী হস্তশিল্প তৈরিতে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ





গত ৩১ জানুয়ারি ২০২২ তারিখে রংপুর সদরে বিশ্ব ব্যাংকের  অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপ-প্রকল্পের উদ্ভাবনী হস্তশিল্প তৈরীতে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন রংপুর জোনের জোনাল জনাব মোঃ মোস্তাফিজুল গনি, প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মোঃ ইরফানুল বারী সরকার। প্রশিক্ষণটি পরিচালনা করেন নিলয় বুটিকস এন্ড ফ্যাশন ঘর এর সত্ত্বাধিকারী নাহিদা আক্তার বুবলী। তিনি প্রশিক্ষণার্থীদের ব্লক ও বাটিক সম্পর্কে উদ্ভাবনী বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং হাতে কলমে প্রশিক্ষণ দেন। প্রশিক্ষনটিতে সার্বিক সহযোগিতা করেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার মোঃ মিনহাজুল হায়াত, মার্কেটিং অফিসার মোঃ মাকসুদুর রহমান, ডকুমেন্টেশন অফিসার আব্দুল্লাহ আল মাসুদ এবং ইনভায়নমেন্ট অফিসার আলিফা তাজমিন।



প্রোগ্রামের শুরুতে রংপুর জোনের জোনাল ম্যানেজার প্রশিক্ষণের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষনা করেন। তিনি তার বক্তব্যে বলেন, নারীরা আমাদের দেশের শক্তি তাই দেশের শক্তি বৃদ্ধির জন্য নারীদের এগিয়ে আসতে হবে। আর আমাদের এই প্রকল্পটি তাদের জ্ঞান বৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। প্রশিক্ষনের মূল উদ্দেশ্যগুলো ছিল,  ব্লক ও বাটিক কি, বিভিন্ন ধরনের রং এর পরিচিতি ও ব্যবহার, বস্ত্রে রং প্রয়োগ এবং রং এর ছাপা ও পদ্ধতি, বাটিক প্রিণ্ট করার পদ্ধতি,  টাই ডাই করার পদ্ধতি, তৈরীর খরচ, প্রশিক্ষনার্থীদের অনুশীলন যাচাইএবং গ্রহণযোগ্যতা পরিমাপ ইত্যাদি। প্রশিক্ষণটি নাহিদা আক্তার বুবলী সকল অংশকারীদেরকে রং বানানো থেকে শুরু করে ব্লক ও বাটিকের কাপড়ের উপর রং দেওয়া ইত্যাদি হাতে কলমে শিখিয়ে দেন। অংশগ্রহনকারীরা স্বতস্ফূর্তকভাবে এতে অংশগ্রহণ করেন।

# শীতার্তদের মাঝে কম্বল বিতরণ



ঠাণ্ডা বাতাস এবং মাঝে মাঝে অসময়ের বৃষ্টি মিলে শীত জেঁকে বসেছে এবার। হিম হিম ঠাণ্ডা আর কুয়াশায় নাকাল জনজীবন। শীতের এই তীব্রতা বেশি কাবু করে নিম্ন আয়ের মানুষকে। শীতার্ত অসহায় ও দুস্থ মানুষের উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতা থেকে সবসময় পাশে থাকে পদক্ষেপ। সম্প্রতি শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছে পদক্ষেপ এর চট্টগ্রাম উত্তর জোনের সীতাকুণ্ড ব্রাঞ্চ। গত ২৪ জানুয়ারি ২০২২ তারিখে সীতাকুড ব্রাঞ্চ ম্যানেজারের সভাপতিত্বে অনুষ্ঠিত কম্বল বিতরণ অনুষ্ঠানে অতিথি ছিলেন পদক্ষেপ এর সীতাকুড এরিয়ার এরিয়া ম্যানেজার। এছাড়া এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক, সাংবাদিক, রাজনৈতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# জানুয়ারি মাসে প্রশিক্ষণ পেয়েছে ১১১ জন

পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ে এবং প্রধান কার্যালয়ে জানুয়ারি ২০২২ মাসে সর্বমোট ৮৯ জন কর্মী/কর্মকর্তাকে অভ্যন্তরীণ এবং ২২ জনকে বহি: উৎস হতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরমধ্যে বেসিক ওরিয়েন্টেশন বিষয়ে নতুন নিয়োগপ্রাপ্ত ৫০ জন কমিউনিটি ম্যানেজারকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি প্রকল্পের জন্য নতুন নিয়োগপ্রাপ্ত ২ জন কর্মী/কর্মকর্তাকে বেসিক ওরিয়েন্টেশন বিষয়ে ও ৩৭ জনকে Orientation on Urban Primary Health Care Service Project-2 বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বহি: উৎস হতে পদক্ষেপ এর উপব্যবস্থাপক, সিনিয়র অফিসার, অফিসার, সহকারী অফিসার পদের ১৫ জনকে অনলাইনের মাধ্যমে Microsoft Excel বিষয়ে এবং অফলাইনের মাধ্যমে ৫জন কর্মকর্তাকে Financial Statements, Tax, VAT & Internal Audit for Regulatory Requirements বিষয়ে, ১ জনকে Human Resource ও ১ জন কর্মকর্তাকে Management, Procurement & Inventory Management বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# জানুয়ারি মাসে ৬৬ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

জানুয়ারি ২০২২ মাসে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের প্রোগ্রাম উইং এর এসটিআই/এইচআইভি সার্ভিসেস এর প্যাকেজ-২৫ প্রকল্পে অফিস সহকারী পদে ১ জনকে, ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির সিএম পদে ৪০ জনকে নিয়োগ দেয়া হয়েছে। পাশাপাশি ইএইচসিএলবি প্রকল্পের কুমিল্লাতে ফিল্ড কোঅর্ডিনেটর পদে ১জন ও ফিল্ড সুপারভাইজার পদে ২ জন, আইপিসিপি প্রকল্পে সিএ পদে আলমডাঙ্গায় ১ জন ও কাপাসিয়াতে ১ জন, পিইডিপি প্রকল্পে সুপারভাইজার পদে ফেনী সদরে ৫ জন, সোনাগাজীতে ৫ জন, পরশুরামে ২ জন ও ফুলগাজীতে ৫ জনকে এবং সমৃদ্ধি কর্মসূচির দাসেরবাজারে শিক্ষক পদে ৩ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

# জানুয়ারি মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৬৯০টি

জানুয়ারি ২০২২ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৬৯০ জন গ্রাহককে ৩.২১ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫০,১৫৮ জন গ্রাহককে ৪৭৬.২৯ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/ প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

# পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৮৭৪ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ পদক্ষেপ'সহ সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০২২ মাসে পদক্ষেপ'সহ ২২টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৮৭৪ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৪টি মিটিং ও ২টি পরিক্ষার আয়োজন এবং ৯টি ট্রেনিং ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

# কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

জানুয়ারি ২০২২ মাসে সিপিএফ হতে ২৬ জন কর্মীকে ২৩,৭৯,৮৩৯/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৭ জন কর্মীকে ১,১৫,৯০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৪২ জনকে ১৩,৯৮,৭২৮/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৬ জনকে ৪,০৭,৩৪৬/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

# “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” বিষয়ক রচনা প্রতিযোগিতার ৪টি শাখায় ১ম পুরস্কারপ্রাপ্তদের লেখা রচনার ধারাবাহিক প্রকাশ





## আজ ‘ক’ শাখায় ১ম স্থান অধিকারী মাইসা তাওসী হিয়া এর লেখা রচনা প্রকাশ করা হলোঃ

রচনাঃ বঙ্গবন্ধু ও বাংলাদেশ

**ভূমিকা ঃ-**

“হে বন্ধু বঙ্গবন্ধু, তোমার কালো ফ্রেমের চশমাটা আমায় দাও, আমি চোখে দিয়ে দেখবো, তুমি কেমন করে দেশটাকে এতো ভালোবাসো”।

বিভিন্ন জাতির শ্রেষ্ঠ পুরুষ থাকে, তেমনি বাঙালী জাতির শ্রেষ্ঠ পুরুষ হলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। হাজার বছরের ইতিহাসে বাঙালির শ্রেষ্ঠতম অর্জন বাংলাদেশের স্বাধীনতা আর এই স্বাধীনতার সংগ্রামের ইতিহাসের সঙ্গে যার নাম চিরস্মরণীয় হয়ে আছেন, তিনি হলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক ও অভিন্ন নাম।

**জন্ম ও পরিচয় ঃ-**

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ই মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা শেখ লুৎফুর রহমান, মা সায়েরা খাতুন। দুই ভাই চার বোনের মধ্যে শেখ মুজিবুর ছিলেন পিতা-মাতার তৃতীয় সন্তান। পারিবারিক আনন্দঘন পরিবেশে টুঙ্গিপাড়ায় তার শৈশব-কৈশোরের দিনগুলো কাটে।

**শিক্ষাজীবন ঃ-**

গিমাডাঙ্গা প্রাইমারি স্কুলে প্রাথমিক শিক্ষা শেষ করার পর তিনি গোপালগঞ্জ মিশন হাই-স্কুলে ভর্তি হন এবং এই স্কুল থেকে ১৯৪১ সালে তিনি ম্যাট্রিক পাশ করেন। ১৯৪২ সালে এন্ট্রান্স পাশ। কলকাতা ইসলামিয়া কলেজে আইএ পড়ার জন্য ভর্তি হন। কলকাতা ইসলামিয়া কলেজ থেকে ১৯৪৪ সালে আইএ এবং ১৯৪৬ সালে বিএ পাশ করেন।

**রাজনৈতিক জীবন ঃ-**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক জীবন শুরু হয় ১৯৩৯ সালে মিশনারি স্কুলে পড়ার সময়। স্কুলের ছাদ সংস্কারের জন্য একটি দল গঠন করে নিজ নেতৃত্বে তিনি শেরেবাংলা একে ফজলুল হকের নিকট দাবি পেশ করেন। কলকাতার ইসলামিয়া কলেজে পড়া থেকেই তিনি সক্রিয়ভাবে ছাত্র রাজনীতি শুরু করেন। ১৯৪৩ সালে তিনি বেঙ্গল মুসলিম লীগে যোগ দান করার সুবাধে তিনি বাঙালি মুসলিম নেতা হুসেইন শহীদ সোহরাওয়ার্দীর সান্নিধ্যে আসেন। একটি পৃথক মুসলিম রাষ্ট্র গড়ে তোলার আন্দোলন নিয়ে তিনি ১৯৪৩ সালে বঙ্গীয় মুসলিম লীগের কাউন্সিলর নির্বাচিত হন। মুসলিম রক্ষা করার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোহরাওয়ার্দী সাথে বিভিন্ন রাজনৈতিক তৎপরতায় যুক্ত হন।

**৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ও স্বাধীনতা ঘোষণা:-**

জেনারেল ইয়াহিয়া খান ১লা মার্চ জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করার প্রতিবাদে শেখ মুজিবুর রহমান ৩রা মার্চ অসহযোগ আন্দোলনের ডাক দেন। ৭ই মার্চ ঐতিহাসিক রেসকোর্স ময়দানে স্মরনকালের বৃহত্তম জনসভায় বঙ্গবন্ধু ঘোষনা করেন:

“এবারের সংগ্রাম
আমাদের মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম
স্বাধীনতার সংগ্রাম”

২৫শে মার্চ কালরাত্রিতে পাকবাহিনীর হত্যাযজ্ঞে সারা বাংলাদেশের মানুষ বিক্ষোভে ফেটে পড়ে। এমনি অবস্থায় ২৬শে মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করে। সেই রাতে বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয় পশ্চিম পাকিস্তানে। শুরু হয় মুক্তি-যুদ্ধ। দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধ শেষে বাংলাদেশের স্বাধীনতার সূর্য উদিত হয়।

**ইতিহাসের ঘৃনিত হত্যাকাণ্ড ঃ-**

দেশ যখন সকল বাধা দুর করে এগিয়ে যাচ্ছিল, তখন দেশীয় ষড়যন্ত্রকারী ও আন্তর্জাতিক চক্রের শিকারে পরিণত হন। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট কালো রাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করার মাধ্যমে স্বাধীন বাংলাদেশের ইতিহাসে একটি কালো অধ্যায়ের সূচনা হয়েছিল যা বাঙ্গালী জাতীর জন্য অত্যন্ত ঘৃনিত।

**উপসংহার ঃ-**

বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে যার নাম উজ্জ্বল নক্ষত্রের মতো দীপ্যমান তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর দূরদর্শী, বিচক্ষণ এবং সঠিক নেতৃত্বেই বাংলাদেশ স্বাধীন। বাঙালি জাতির জনক, জেল-জালিমের জুলুম ও নির্যাতনের কাছে তিনি কখনো মাথা নত করেননি। বঙ্গবন্ধু ও বাংলাদেশ শব্দ দুইটি ওতপ্রোতভাবে জড়িত। কারন বঙ্গবন্ধু না থাকলে আজকে বাংলাদেশ হয়তো আমরা পেতাম না। বঙ্গবন্ধু ও বাংলাদেশ আজ সমগ্র বাঙালি জাতির কাছে এক ও অভিন্ন নাম।

“তোমার স্বপ্নে পথ চলি আজো
চেতনায় মহীয়ান।
মুজিব তোমার অমিত সাহসে
জেগে আছে কোটি প্রাণ”

সমাপ্ত

শিক্ষার্থী
মাইশা তাওসী হিয়া
বয়স: ৯ বছর
শ্রেণী: তৃতীয়
মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ

অভিভাবক
পিতা: মো: সিরাজ হোসেন
[illegible]
পদবী: সিনিয়র অফিসার
মানব সম্পদ ও প্রশাসন বিভাগ
মোবাইল নং: [illegible]

---

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো। ১০ তারিখের পরে কোন তথ্য গ্রহণ করা হবে না।

**ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।**

**পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র**
বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০, ৯১৩৭৩৬১
E-mail : pmuk@padakhep.org
info@padakhep.org, Web: www.padakhep.org